# কমপিউটার জগতের খবর

## হাইটেক পণ্য এখন জনপ্রিয় ভোগ্যপণ্য

## উইন্ডোজ ৯৫ গ্রহণে বিশ্বব্যাপী অভাবিত উৎসাহ উদ্দীপনা

*(আমেরিকা প্রতিনিধি)*

মাইক্রোসফট কর্পোরেশনের নতুন অপারেটিং সিস্টেম উইন্ডোজ ৯৫ নামের হাইটেক পণ্যটি সাধারণ ভোগ্য পণ্যের মত বাজারে এসেছে এত ব্যাপক প্রচারণা ও লেখালেখি নিয়ে যা পৃথিবীতে আর কোন ভোগ্য পণ্যের বেলায়ও কখনো ঘটেনি।

৫০০ সাংবাদিক, ডজন ডজন টিভি ক্যামেরাম্যান এবং ৩০০০ অতিথির মাঝে গত ২৪ আগষ্ট মাইক্রোসফট কর্পোরেশনের ওয়াশিংটন অফিসে যখন নতুন এই পণ্য প্রচলন অনুষ্ঠান উপলক্ষ্যে উইন্ডোজ ৯৫ কেন বিশ্বের ধারা পরিবর্তন করবে তার বর্ণনা দিচ্ছিলেন তখন বিশ্বব্যাপী নববর্ষ অনুষ্ঠানের আনন্দের জোয়ারের মত বিপুল উৎসাহ উদ্দীপনা ও জাকজমকপূর্ণ অনুষ্ঠানের মাধ্যমে ১২ বছরের কিশোর কিশোরী থেকে ৬০ বছরের বৃদ্ধ পর্যন্ত হাজার হাজার উৎসাহী ক্রেতা নেচে গেয়ে ফুর্তি করে মধ্য রাতে প্রথম সুযোগে পণ্যটি পাওয়ার জন্য স্টোরে স্টোরে ভিড় জমিয়েছিল। অষ্ট্রেলিয়া থেকে দক্ষিণ আফ্রিকা পর্যন্ত অনেক দেশে চলছিল সিডিরমে আবৃত পোশাক পড়ে নৃত্য; আতশবাজি পোড়ানো, আনন্দ মিছিল আর হেলিকপ্টারে সার্চ-লাইট ফেলে আকাশে আকাশে চককর দেয়ার মত আনন্দ অনুষ্ঠান।

টিভিসহ অন্যান্য ইলেক্ট্রনিক মিডিয়াতে এর ব্যাপক প্রচারের কথা বাদ দিলেও এ সম্পর্কে শুধুমাত্র পত্র পত্রিকায় শিরোনাম খবর বেরিয়েছে ৩০০০-এর বেশী, উল্লেখযোগ্য প্রতিবেদন ও প্রবন্ধ প্রকাশিত হয়েছে ৭০০০-এর উপর। উইন্ডোজ ৯৫ সম্পর্কে যত লেখা প্রকাশিত হয়েছে তার কাগজ তৈরিতে সাবাড় হয়েছে মাঝারি আকারের বনের সমস্ত গাছ। লন্ডনের বিখ্যাত টাইমস পত্রিকা মাইক্রোসফটের সহযোগিতায় ঐ দিন তাদের সমস্ত কপি একটি ক্রোড়পত্রসহ বিনামূল্যে সরবরাহ করেছে তার পাঠকদের।

অষ্ট্রেলিয়াতে ঐদিন জন্মগ্রহণকারী সকল শিশু একটি করে উইন্ডোজ ৯৫ বিনামূল্যে উপহার হিসেবে পেয়েছে।

স্কুলের টিফিনের পয়সা জমিয়ে দূরদূরান্ত থেকে সাইকেলে বা পায়ে হেঁটে নেচে গেয়ে অনেক শিশু কিশোর মাঝরাতে দোকান খোলার আগেই ভিড় জমিয়েছে যুগান্তকারী এই পণ্যটি প্রথম দিন পাওয়ার আশায়। ডেট্রিয়টের হেনরি ফোর্ড হাসপাতালের ৫৭ বছরের বৃদ্ধা একজন রোগী রিক্ত বস্ত্র দিয়ে হাসপাতালের পোষাকেই অনেক দূর পথ অতিক্রম করে গভীর রাতে হাজির হয়েছিলেন উইন্ডোজ ৯৫ পাওয়ার প্রথমদের একজন হওয়ার আশায়।

তবে নিউজিল্যান্ডবাসীদের দাবী জোনাথন প্রেন্টিস নামের সেখানকার ১৯ বছরের একজন ছাত্রই বিশ্বে সবচেয়ে প্রথম অর্থাৎ ঘড়ির কাটা ১২টা বাজার সাথে সাথে উইন্ডোজ ৯৫ কিনতে পেরেছে। ভৌগলিক অবস্থানের কারণে অন্য দেশে রাত বারটা বেজেছে আরো পরে। কিন্তু এশিয়া এবং ইউরোপের অনেক দেশেই ২৪ আগষ্ট পর্যন্ত এই পণ্যটি সরবরাহ করতে পারেনি মাইক্রোসফট কর্পোরেশন। তবুও যা ধারণা করা হয়েছিল তার থেকে ২০-৪০% পর্যন্ত এ পণ্যটি বিক্রি হয়েছে বলে বিভিন্ন সূত্র থেকে জানা গেছে।

বাংলাদেশে কমপিউটার জগৎ-এ ছাড়া এ ব্যাপারে আর কিছু হয়েছে কি না আমরা আমেরিকায় তার কোনো খবর পাইনি।

কিশোর কিশোরী থেকে রাষ্ট্র প্রধান পর্যন্ত একটি প্রযুক্তি পণ্যকে গ্রহণ করার বিশ্বব্যাপী এমন উৎসাহ উদ্যম একবিংশ শতাব্দীর হাইটেক সমাজের সুস্পষ্ট ইঙ্গিত বহন করছে বলে অনেকে মনে করছেন। ※

## চীনের বাজারে AST-র বদলে COMPAQ এখন শীর্ষে

বাজার গবেষণা সংস্থা ডাটা কোয়েস্টের তথ্য অনুযায়ী গত এপ্রিল-জুন কোয়ার্টারে চীনে কম্প্যাক কমপিউটার কর্পোরেশন এএসটি রিসার্চের চেয়ে বেশী বিক্রি করে সেখানে শীর্ষ অবস্থানটি দখল করেছে।

এএসটি দীর্ঘদিন যাবৎ চীনে ১নং অবস্থানে ছিল। কিন্তু উল্লেখিত সময়ে চীনের বাজারের ২১.৩% দখল করে কম্প্যাক শীর্ষ অবস্থানে চলে যায়। এ সময় এএসটির শেয়ার ছিল ২১%। এ বছর প্রথম কোয়ার্টারে এএসটির অবস্থান কম্প্যাকের কিঞ্চিৎ উপরে ছিল। এ বছর কেবলমাত্র দ্বিতীয় কোয়ার্টারে চীনে পিসি বিক্রি হয়েছে ২,২১,০০০ ইউনিট। এর ৬.৫% অংশ দখল করে আইবিএম কর্পোরেশন রয়েছে ৩য় অবস্থানে। এদিকে জাপান ব্যতীত এশীয়া প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলেও এ বছর ২য় কোয়ার্টারে পিসি বাজারের ১০.১% অংশ দখল করে কম্প্যাক শীর্ষ অবস্থানে রয়েছে। অন্য দিকে তাইওয়ানের এসার ইনক এবং দক্ষিণ কোরিয়ার স্যামসুঙ ইলেক্ট্রনিক্স কোম্পানী দখল করে আছে যথাক্রমে ৭.২% এবং ৬.৯% শেয়ার।

এই অঞ্চলে ২য় কোয়ার্টারে ভেন্ডারগণ পিসি বিক্রি করেছে ১২ লক্ষ ৭০ হাজার ইউনিট। নীতি নির্ধারকদের বিজ্ঞান ও প্রযুক্তি বিমুখতার কারণে বাংলাদেশে এ সময়ে পিসি বিক্রির সংখ্যা ছিল মাত্র ৩/৪ হাজারের মত। ※

## যৌথ উদ্যোগে ডাটা এন্ট্রি ও সফটওয়্যার রপ্তানীর প্রতিষ্ঠান কার্যক্রম শুরু করেছে

সম্প্রতি "ইউনিসোর্স ইন্টারন্যাশনাল কর্পোরেশন লিঃ" নামে একটি রপ্তানীমুখী ডাটা এন্ট্রি ও সফটওয়্যার ডেভেলপকারী প্রতিষ্ঠান ঢাকায় তাদের কার্যক্রম শুরু করার কথা ঘোষণা করেছে। প্রতিষ্ঠানের কর্তৃপক্ষ নভেম্বরে বাণিজ্যিক উৎপাদনে যাওয়ার আশা রাখেন। প্রতিষ্ঠানের হার্ডওয়্যার ফ্যাসিলিটির মধ্যে থাকবে AS/400-এর কমপ্যাটিবল এবং ৩০০ (তিনশত) ওয়ার্কস্টেশন। যুক্তরাষ্ট্র ও কানাডায় ডাটাএন্ট্রি ও সফটওয়্যার ডেভেলপমেন্টে নিয়োজিত একটি মার্কিন প্রতিষ্ঠানের সঙ্গে যৌথ উদ্যোগে ইউনিসোর্সের কার্যক্রম পরিচালিত হবে। ঐ মার্কিন প্রতিষ্ঠানের প্রতিনিধিরা এ মাসের (সেপ্টেম্বরের) শেষ দিকে এ ব্যাপারে চূড়ান্ত চুক্তি সম্পাদনের জন্য ঢাকায় আসবেন।

১২০০ ডাটাএন্ট্রি অপারেটর নিয়ে কাজ শুরু পরিকল্পনা করা হয়েছে। প্রাথমিকভাবে মিরপুরে কাজ শুরু হয়েছে। স্থান সংকুলানের জন্য ঢাকায় আরও দুটো অবস্থানে কাজ সম্পন্ন করা হবে। সম্প্রতি টিএন্ডটি কর্তৃপক্ষ ডিস্যাট সার্ভিস নভেম্বর/ডিসেম্বরে চালু করার যে ঘোষণা দিয়েছেন তা বাস্তবায়িত হলে ডাটা এন্ট্রির কাজ পুরোদমে চালিয়ে যাওয়ার আশা রাখে ইউনিসোর্স ইন্টারন্যাশনালের পরিচালকবৃন্দ। ※

## এপসনের কালার স্ক্যানার

এপসনের ES-1000C একটি ৩০-বিট ফ্ল্যাটবেড কালার স্ক্যানার। এটি হিউলেট প্যাকার্ডের ১,১৭৮ ডলারের স্ক্যান জেট 3C এর মতোই তবে দামে অনেক কম মাত্র ৭৯৯ ডলার। এটি সর্বোচ্চ ৮.৫´×১১´ চিত্রকে স্ক্যান করতে সক্ষম আর টেবিলে জায়গাও দখল করে মাত্র ৮.৫″×১১″। ৪ মে.বা. র‍্যামে পিসির ১৬বিট এক্সপানশন স্লটে এডাপটেক EZ-SCSI ইন্টারফেস কার্ডের মাধ্যমে ES-1000C কে ইন্সটল করা সম্ভব। এর অপটিক্যাল স্ক্যানিং রেজ্যুলুশন হচ্ছে ৪০০ × ৮০০ ডিপিআই, সফটওয়্যারের সহায়তায় এটিকে ১৬০০ ডিপিআইতে উন্নীত করা যায়। মাত্র ১২ সেকেন্ডেই এটি পূর্ণ পৃষ্ঠায় চিত্রকে প্রদর্শন করতে পারে এবং ৪ ইঞ্চি × ৫ ইঞ্চি রঙিন চিত্রকে ৩০০ ডিপিআইতে স্ক্যান করতে সময় নেবে মাত্র ৪৫ সেকেন্ড। ※

## টেলিফোনে ই-মেইল

আমেরিকার ফিলিপস ইলেক্ট্রনিকস ও ওরাকল কর্পোরেশন যৌথভাবে টেলিফোনের মাধ্যমে ই-মেইল সার্ভিস চালু করার উদ্যোগ নিয়েছে। এজন্য ফিলিপসের তৈরী টেলিফোন সেটে ছোট্ট ডিসপ্লে ও কী-বোর্ড থাকবে। ফলে হোম পিসি ছাড়াই সরাসরি ইন্টারনেট এবং অন্যান্য ই-মেইল সিষ্টেমে প্রবেশ করা যাবে।

## কম দামের নোট বুক

টেক্সাস ইন্সট্রুমেন্ট ইন্টারন্যাশনাল প্রচলিত দামের চেয়ে অন্তত কয়েকশ ডলার কমিয়ে তাদের এক্সটেনশন নামের নোটবুক কমপিউটার বাজারে ছাড়ার ঘোষণা দিয়েছে। দাম ধরা হয়েছে ১,৭৯৯ থেকে ৩,৫৯৯-এর মধ্যে। ※

## আইবিএম-এর অ্যাপটিভা পিসি

আইবিএম সম্প্রতি আপটিভা হোম পিসি বাজারে ছাড়ার ঘোষণা দিয়েছে। এতে ফুলস্ক্রীন ভিডিও, কণ্ঠ-অনুধাবন প্রযুক্তি এবং টেলিফোন এনসারিং মেশিনের সমন্বয় ঘটানো হয়েছে। মনিটর ছাড়া এ পিসি'র মূল্য ধরা হয়েছে ১৮০০ থেকে ৩০০০ ডলারের মধ্যে। প্রতিটি পিসিতে রয়েছে পেন্টিয়াম প্রসেসর ও চমৎকার সাউন্ড সিস্টেম। ⁂

## নতুন Elite XL 616 লেসার প্রিন্টার

জিসিসি টেকনোলজিস গত মাসে ৬০০ × ৬০০ ডিপিআই রেজ্যুলুশনের নতুন Elite X L616 লেসার প্রিন্টার বাজারে ছেড়েছে। প্রয়োজনে নেটওয়ার্কে যুক্ত থেকে পিসি/উইন্ডোজ, মেকিন্টোস এবং টিসিপি/আইপি পরিবেশে এই স্বয়ংক্রিয় এমুলেশন সেন্সিং সমৃদ্ধ লেসার প্রিন্টারটি A3 সাইজের (১১´´×১৭´) ৯টি পৃষ্ঠা প্রতিমিনিটে এবং A4 সাইজের ১৬টি পৃষ্ঠা প্রতিমিনিটে ছাপতে সক্ষম। বিস্তারিত জানতে যোগাযোগ করুন :- টেটেরোড বাংলাদেশ লিমিটেড, ৫৩, পুরানাপল্টন (৩ তলা)। ফোন : ২৩৯৪০৭, ২৫০৭৫৬।

## জেনেটিক-এর সেমিনার

গত ৩০ আগষ্ট ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইন অনুষদ এবং জেনেটিক কমপিউটার স্কুল, বাংলাদেশ-এর যৌথ উদ্যোগে "কমপিউটার এন্ড লিগ্যাল এডুকেশন : সাম নিউ ডাইমেনশানস্" শীর্ষক একটি সেমিনার ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইন অনুষদ ভবনে অনুষ্ঠিত হয়। এতে প্রধান বক্তা হিসেবে উপস্থিত থেকে বাংলাদেশে কমপিউটারের প্রসার এবং আইনের ক্ষেত্রে এর প্রয়োগ এবং প্রয়োজনীয়তা বিষয়ে ব্যাপক আলোকপাত করেন "জেনেটিক কমপিউটার স্কুল, বাংলাদেশ"-এর অধ্যক্ষ জনাব মাসুম হক। আইন অনুষদের ডীনের সভাপতিত্বে অনুষ্ঠিত সেমিনারে বক্তব্য রাখেন ঢাকা বিশ্ববিদ্যালয়র আইন বিভাগের অধ্যাপক জনাব হামিদ উদ্দিন খান, ডঃ মিজানুর রহমান এবং নর্থ আমেরিকান কমপিউটিং ডায়নামিকস্ ইনকরপোরেটেড-এর এমআইএস ডাইরেক্টর মাঈনুদ্দিন হায়দার। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সহযোগী অধ্যাপক জনাব আশরাফুল ইসলাম চৌধুরী এবং প্রভাষক শওকত আলম। ⁂

## কম্প্যাক দাম কমাচ্ছে

কম্প্যাক তাদের ডেস্কপ্রো এবং প্রোলিনা নামের কমপিউটারের ডিজাইন বদলে ফেলার সিদ্ধান্ত নিয়েছে। মূলত ক্রেতাদেরকে কমদামে পিসি সরবরাহের লক্ষ্যেই এ উদ্যোগ নেয়া হয়েছে। ⁂

## সফটওয়্যার : প্রিন্টডেস্ক সার্ভার

নেটওয়ার্কে যুক্ত প্রিন্টার সার্ভারের জন্য নতুন সফটওয়্যার প্রিন্টডেস্ক সার্ভার। ডেনমার্কের নাইন বিটস কোম্পানীর প্রিন্ট ডেস্ক পরিবারের এই সফটওয়্যারটির সবচাইতে উল্লেখযোগ্য ফীচার হলো প্রিন্টারে অন্যের ছাপার কাজ চলতে থাকার কারণে ব্যবহারকারীকে অপেক্ষা করে সময় নষ্ট করতে হয়না। লেসার প্রিন্টার, কালার প্রিন্টার ও ইমেজ সেন্টারে বহু ব্যবহারকারী এক সাথে কাজ করতে গেলে সাধারণত বেশ সময় লাগে। এই নতুন সফটওয়্যারটি এখানে দায়িত্ব গ্রহণ করে এবং ওয়ার্ক ষ্টেশনগুলোকে মুহূর্তের মধ্যেই ব্যবহারের জন্য মুক্ত করে দেয় এটি। বিভিন্ন ধরণের ফাংশনাল এক্সটেনশন যেমন, ওপিআই, প্রিন্ট অপসন/ওপিপি, ফন্ট লাইব্রেরী এবং সাইটেক্স প্রভৃতি সমৃদ্ধ সফটওয়্যারটিকে সহজেই আপগ্রেড করা সম্ভব। মেমোরীতে ও ডিস্কে পর্যাপ্ত জায়গা থাকলেই হলো, যে কোনো সংখ্যক প্রিন্টার যুক্ত করা যায় এবং চালানো যায়। ⁂

## চট্টগ্রামে তথ্য প্রযুক্তি শীর্ষক সেমিনার অনুষ্ঠিত

(চট্টগ্রাম থেকে ফারুক বিন সাদেক)

রোটারী ক্লাব অব মেট্রোপলিটন চট্রগ্রাম ও রোটারী ইয়ুথ ইনফরমেশন ট্রেনিং সেন্টারের উদ্যোগে "ইনফরমেশন টেকনোলজী" শীর্ষক এক সেমিনার ১ সেপ্টেম্বর স্থানীয় জেলা পরিষদ মিলনায়তনে অনুষ্ঠিত হয়। রোটারিয়ান এম সাইফুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সেমিনারে লিভারব্রাদার্সের কমার্শিয়াল ডাইরেক্টর জনাব এম.এ. মতিন প্রধান অতিথি ও রোটারিয়ান শাহেদ খান বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। এতে মূল প্রবন্ধ পাঠ করেন লিভারব্রাদার্সের কমপিউটার সিস্টেম ম্যানেজার এ.কে.এম. নজরুল হায়দার ও আবু আবদুল্লাহ।

সেমিনারে বিপুল সংখ্যক দর্শক শ্রোতা উপস্থিত ছিলেন। ⁂

## দীর্ঘ প্রতীক্ষার পর এপল নতুন পোর্টেবল কমপিউটার ছাড়ছে

এপল চমৎকার ডিজাইন, হাল্কা ওজন ও বহুবিধ ফীচারযুক্ত Power Book 5300, Power Book Duo 2300c, Power Book 190 এবং 190CS নামে বিভিন্ন স্পেসিফিকেশনের এক সারির নতুন পোর্টেবল পিসি বাজারে ছাড়ছে।

তবে এপলের এই পণ্যগুলো, প্রতিদ্বন্দ্বী আইবিএম এবং তোশিবার উন্নত মান ও ফীচার যুক্ত পোর্টেবলের অনেক পরে বাজারে আসায় তাকে বাজারের উল্লেখযোগ্য অংশ ছাড়তে হয়েছে। পোর্টেবল পিসি বাজারে ১৯৯২ সালে যেখানে এপলের অংশ ছিল ১১% বর্তমানে তা কমে এসে দাঁড়িয়েছে ৭%-এরও কম। ⁂

এন্টি পাইরেসী আইন ও প্রচারণার ফল

## ভারতের সফটওয়্যার সেক্টরে বৃদ্ধি ৭৭%

১৯৯৫-৯৬ সালের মার্চ মাস পর্যন্ত ১ম কোয়ার্টারে ভারতের সফটওয়্যার শিল্প ৭৭% বৃদ্ধি পেয়ে গত বছরের ৫৬ কোটি ডলার থেকে ১০ কোটি ডলারে দাঁড়িয়েছে।

ন্যাশনাল এসোসিয়েশন অফ সফটওয়্যার এন্ড সার্ভিস কোম্পানিজ-এর নির্বাহী পরিচালক দেওয়ান মেহতার মতে- সফটওয়্যার পাইরেসীর বিরুদ্ধে আইন ও প্রচারণা, সফটওয়্যারের উপর শুল্ক হ্রাস এবং ডাটা প্রসেসিংসহ বিদেশী সার্ভিস বেড়ে যাওয়ার ফলে এই সাফল্য এসেছে। ১৯৯৫-৯৬ সালে বর্ধিত সফটওয়্যার শিল্পে আয় করবে ১২ কোটি ডলার। ⁂

## এম.ই.এস. স্কুলে কমপিউটার ল্যাবরেটরী উদ্বোধন

(চট্টগ্রাম থেকে ফারুক বিন সাদেক)

১৬ আগষ্ট চট্রগ্রামের মুসলিম এডুকেশন সোসাইটি হাই স্কুলের কমপিউটার ল্যাবরেটরী উদ্বোধন করা হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চট্টগ্রাম বিভাগের অতিরিক্ত বিভাগীয় কমিশনার এবং এম.ই.এস. স্কুল পরিচালনা পরিষদের সভাপতি মুহাম্মদ আবদুস সাত্তার।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন প্রাক্তন এস.পি. জনাব এ.কে.এম. রফিক উল্লাহ চৌধুরী। এডভোকেট নুরুল হুদা, বদিউল আলম চৌধুরী, আবুল হাশেম প্রমুখ। ⁂

y o u r  u l t i m a t e  s o l u t i o n s

massive PROFESSIONAL PC COMPUTERS

massive COMPUTERS

85/1 New Elephant Road, Zinnat Mansion, 1st floor, Dhaka 1205

UNDERCUT PRICE IS AVAILABLE FOR
386DX-40,(AMD 80386DX-40 Processor)
486 SX-33, 486 DX-33, 486 DX2-66,
486DX4-100MHz
SYSTEM & ACCESSORIES

TOLLFREE ENQUIRY Phone 862856

